46

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 APR 1996 ...
পৃষ্ঠা ১২ কলাম ৪

# এসএসসি ঃ ইংরেজী প্রথম পত্র পরীক্ষার দিন বহিষ্কৃত ৭ শতাধিক

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (শনিবার) দেশের ৫টি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষায় ৭ শতাধিক পরীক্ষার্থী অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কৃত হইয়াছে। গতকাল ছিল ইংরেজী প্রথম পত্রের পরীক্ষা।

গতকাল রাজশাহী বোর্ডে ৩৪৯ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। এই বোর্ডেই বহিষ্কারের সংখ্যা সর্বাধিক।

রাজশাহী অফিস জানায়, চাঁপাই-নবাবগঞ্জ জেলার গোমস্তাপুর কেন্দ্রে অসদুপায় অবলম্বনে সহযোগিতা করার অভিযোগে দুইজন শিক্ষককে বহিষ্কার করা হয়।

ঢাকা বোর্ডের বিভিন্ন কেন্দ্র হইতে ১৮৩ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

চট্টগ্রাম বোর্ডে কেবল চট্টগ্রাম জেলার বিভিন্ন কেন্দ্র হইতে ৭৩ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

চট্টগ্রাম অফিস জানায়, সীতাকুণ্ড থানা পরীক্ষা কেন্দ্র হইতে অসদুপায় অবলম্বনে সহযোগিতার অভিযোগে ৩ জন শিক্ষককে বহিষ্কার করা হয়।

কুমিল্লা বোর্ডের বৃহত্তর কুমিল্লা ও বৃহত্তর নোয়াখালী জেলার বিভিন্ন কেন্দ্র হইতে ৬০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

যশোর বোর্ড হইতে ৬৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

অপরদিকে একই দিন দাখিল পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে রংপুরের ৮টি কেন্দ্রের ২৭ জন, গাজীপুরের ২টি কেন্দ্রের ৩ জন শরীয়তপুরের ১টি কেন্দ্রের ২ জন আটরশি মাদ্রাসা কেন্দ্রের ১জন, লক্ষ্মীপুরের ৩টি কেন্দ্রের ১৫জন ও পটুয়াখালীর ২টি কেন্দ্রের ৪ জন।